# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
## খুলনা-৯২০৩

**১ম বর্ষ ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি (শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬)**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর বিভিন্ন বিভাগে স্নাতক পর্যায়ে ভর্তির জন্য গত ১৫/০১/২০২৬ইং তারিখ রোজ বৃহস্পতিবার অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা প্রকাশ করা হলো (সংযুক্তি দ্রষ্টব্য)।

| মেধা তালিকার ধরন | বিবরণ | প্রকাশিত মেধাক্রম |
|---|---|---|
| মূল মেধা তালিকা | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ ও ইউআরপি বিভাগ | ১-১০৭৮ |
| | আর্কিটেকচার বিভাগ | ১-৩০৪ |
| সংরিক্ষত আসনের মেধা তালিকা | বান্দরবান জেলা | ১-১০ |
| | পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | ১-১৮ |

<u>প্রার্থীদের করণীয়:</u>

মেধাস্থান প্রাপ্ত সকল প্রার্থীকে আগামী ০১/০২/২০২৬ইং তারিখ রোজ রবিবার সকাল ১০:০০ ঘটিকা থেকে ০৬/০২/২০২৬ইং তারিখ রোজ শুক্রবার বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত https://admission.kuet.ac.bd লিংকে প্রবেশ করে "Online Choice Form" এর প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে এবং বিভাগের পছন্দক্রম প্রদান করতে হবে। ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং ইউআরপি বিভাগের জন্য ১৫ টি পছন্দক্রম পূরণ করতে হবে। প্রয়োজনে "Online Choice Form" এ প্রদানকৃত তথ্য ও পছন্দক্রম আগামী ০৬/০২/২০২৬ইং তারিখ রোজ শুক্রবার বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রার্থী পরিবর্তন করতে পারবে। পূরণকৃত ফরম এর প্রিন্টেড কপি ভর্তির সময় নিয়ে আসতে হবে।

১ম পর্যায়ে নিম্নবর্ণিত মেধাক্রমে, তারিখ ও সময়সূচী অনুযায়ী ভর্তির জন্য নিরীক্ষা কমিটির নিকট উপস্থিত হওয়ার জন্য বলা হলো।

| মেধা তালিকার ধরন | বিবরণ | ভর্তির জন্য আহবানকৃত মেধাক্রম | উপস্থিতির তারিখ ও সময়সূচী |
|---|---|---|---|
| মূল মেধা তালিকা | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ ও ইউআরপি বিভাগ | ১-১০২০ | ০৮/০২/২০২৬ইং তারিখ রোজ রবিবার সকাল ৯:৩০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত |
| | আর্কিটেকচার বিভাগ | ১-৪০ | |
| সংরিক্ষত আসনের মেধা তালিকা | বান্দরবান জেলা | ১ | |
| | পার্বত্য চট্টগ্রাম ও অন্যান্য ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী | ১-৪ | |

নিরীক্ষা কমিটি দ্বারা প্রার্থীদের সনদপত্র যাঁচাইপূর্বক জমাদানের পর ঐ দিনই স্বাস্থ্য পরীক্ষা করা হবে। ভর্তির জন্য নির্ধারিত ফি আনুমানিক ১২,০০০/- (বারো হাজার) টাকা মাত্র বিশ্ববিদ্যালয় সংলগ্ন জনতা ব্যাংক, কুয়েট কর্পোরেট শাখায় ০৯/০২/২০২৬ইং তারিখ রোজ সোমবার বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

<u>ভর্তির সময় প্রার্থীকে অবশ্যই নিম্নবর্ণিত সনদপত্রাদির মুলকপি নিরীক্ষা কমিটির নিকট দাখিল করতে হবে:</u>

১. শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি. বা সমমান পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড।
২. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র।
৩. মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৪. এইচ. এস. সি বা সমমানের পরীক্ষার গ্রেডশীট এর মূলকপি।
৫. শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত এইচ. এস. সি বা সমমানের পরীক্ষার প্রশংসাপত্রের মূলকপি।
৬. সদ্য তোলা (অনধিক ৩ মাস) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
৭. ভর্তি পরীক্ষাকালীন প্রত্যবেক্ষকের স্বাক্ষর সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।
৮. পূরণকৃত Online Choice Form এর প্রিন্টেড কপি।

৯. সংরক্ষিত আসনে ভর্তির জন্য প্রয়োজনীয় অতিরিক্ত কাগজপত্রঃ

(ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠির (উপজাতি) প্রার্থীদের বাংলাদেশের স্থায়ী বাসিন্দা এবং উপজাতীয়তার প্রমাণ স্বরূপ (১) যে কলেজ থেকে পাস করেছে সে কলেজের অধ্যক্ষ, (২) জেলা প্রশাসক/স্থানীয় পৌরসভা/ জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান এবং (৩) উপজাতীয় মোড়ল/প্রধান এর নিকট থেকে প্রদেয় সার্টিফিকেট সহ মোট ৩ (তিন) টি মূল সার্টিফিকেট দাখিল করতে হবে।

(খ) বান্দরবান জেলার ক্ষেত্রে জেলা প্রশাসক/ স্থানীয় পৌরসভা/জেলা পরিষদ/ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যানের নিকট থেকে বান্দরবান জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্রের মূল কপি।

**স্বাস্থ্য পরীক্ষাঃ**

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠিত ডায়াগনস্টিক সেন্টার/সরকারী হাসপাতাল থেকে নিম্নে উল্লেখিত রিপোর্টসমূহ নিয়ে আসতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত মেডিকেল বোর্ড কর্তৃক ছাত্র/ছাত্রীদের স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট নিরীক্ষা করাতে হবে। মেডিকেল টেষ্টের দিন চশমা ব্যবহারকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই চশমা সঙ্গে আনতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় যদি কোন প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন অথবা পেশাগত কার্যনির্বাহে অসুবিধা হতে পারে বলে ভর্তি কমিটির নিকট প্রতীয়মান হয় তাহলে তাকে ভর্তির জন্য অনুপযুক্ত বলে গণ্য করা হবে। ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admission.kuet.ac.bd) থেকে স্বাস্থ্য পরীক্ষার নির্ধারিত ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণ করে আনতে হবে।

**টেষ্টসমূহঃ**

- Height and weight measurement.
- Blood pressure
- Blood group identification
- Vision test

**ভর্তি সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলীঃ**

- প্রার্থীর মেধাস্থান এবং পছন্দক্রম অনুসারে বিভাগ নির্ধারণ করা হবে যা ভর্তির দ্বিতীয় দিন বেলা ১০:০০ ঘটিকার মধ্যে ওয়েবসাইটে দেয়া হবে।
- ভর্তিকৃত প্রার্থীর প্রাপ্ত বিভাগ, মোট শূন্য আসন সংখ্যা এবং পরবর্তী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ১৭/০২/২০২৬ইং তারিখ এর মধ্যে ওয়েবসাইটে দেয়া হবে।
- আসন খালি থাকা সাপেক্ষে ওরিয়েন্টেশনের পূর্বের দিন পর্যন্ত ভর্তি প্রক্রিয়া চলমান থাকবে। ভর্তি বাতিল জনিত কারণে কোন আসন শূন্য হলে প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে Auto migration চলবে।
- ভর্তি প্রক্রিয়া চলাকালীন সময়ে প্রার্থী তার Dashboard এ লগ ইন করে Auto migration বন্ধ করার আবেদন করতে পারবে। আবেদনের সময়ে নির্ধারিত ফরম পূরণ করে আপলোড করতে হবে।
- ভর্তির জন্য নির্ধারিত Auto migration প্রক্রিয়া বন্ধ থাকবে। তবে তার পরের দিন (ভর্তি ফি জমা দেয়ার দিন) সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত প্রার্থীর জন্য Auto migration প্রক্রিয়া বন্ধের (off) সার্ভিসটি চালু থাকবে। প্রার্থীরা ইচ্ছা করলে উক্ত সময়ে Auto migration প্রক্রিয়া বন্ধ (off) করতে পারবে।
- Auto migration প্রক্রিয়া একবার বন্ধ করলে আর চালু করা যাবে না।
- প্রার্থীর মেধাস্থান ও পছন্দক্রম অনুসারে সর্বশেষ Auto migration সম্পন্ন হওয়ার পর প্রাপ্ত বিভাগেই ক্লাস শুরু করতে হবে।
- ভর্তিকৃত কোন প্রার্থীর ভর্তি বাতিল করতে হলে ভর্তি বাতিলের নিয়মাবলী মেনে শেষ ভর্তির পূর্বের দিন পর্যন্ত ভর্তি বাতিল করতে পারবে। ক্লাস শুরুর পর ভর্তি বাতিল করতে হলে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী করতে হবে।
- অনিবার্য কারণবশতঃ ভর্তির তারিখসমূহ পরিবর্তন করা হলে তা ভর্তি পরীক্ষার ওয়েবসাইট (https://admission.kuet.ac.bd) এর মাধ্যমে প্রকাশ করা হবে।
- ভর্তি সংক্রান্ত কোন তথ্য জানার জন্য অফিস চলাকালীন সময়ে ০১৭১৪০৮৭২৮৪, ০১৭১৪০৮৭৩৩৯ নম্বরে যোগাযোগ করা যাবে।
- ক্লাশ শুরুর তারিখ পরবর্তীতে জানানো হবে।

26.01.26

(প্রফেসর ড. মুহাম্মাদ হারুনুর রশীদ)
সভাপতি
১ম বর্ষ ভর্তি পরীক্ষা কমিটি, শিক্ষাবর্ষঃ ২০২৫-২০২৬
ও ডীন, সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়